



বন্দরের মদনপুর রহমানিয়া উচ্চ বিদ্যালয়

বিকট শব্দে ভেঙে পড়ল ছাদের ভিম ৫ শিক্ষার্থী ও এক শিক্ষিকা আহত

বন্দর (নারায়ণগঞ্জ) প্রতিনিধি

বৃহস্পতিবার বন্দরের মদনপুর রহমানিয়া উচ্চ বিদ্যালয়ে পরিত্যক্ত একটি ভবনের ছাদের ভিম বিকট শব্দে ধসে পড়ে। এ সময় আতঙ্কে ছুটোছুটি করে নামতে গিয়ে এক শিক্ষিকসহ ৬ ছাত্রী আহত হয়েছে। আহতরা হচ্ছে, শিক্ষিকা নাহিদা আক্তার, ৮ম শ্রেণীর শারমীন ইয়াসমীন, ৯ম শ্রেণীর রুবিনা, মনিরা ও শামীমা আক্তার। আহতদের প্রাথমিক চিকিৎসা দেয়া হয়েছে। এ ঘটনায় বিদ্যালয় বন্ধ হয়ে যায়। বিদ্যালয়ের প্রধান শিক্ষক শাহ নাজমুল হাসান জানান, স্থান সংকুলান না হওয়ায় পরিত্যক্ত ঘোষণা সত্ত্বেও বিদ্যালয়ের ২য় তলায় ২০৬নং কক্ষে ক্লাস চলছিল। এ সময় সকাল পৌনে ৯টায় ও ৯টায় ২ দফা ছাদের ভিম বিকট শব্দে ধসে পড়ে। এ সময় শিক্ষার্থীদের মাঝে আতঙ্ক ছড়িয়ে পড়ে। তাড়াতাড়ি করে নামতে গিয়ে পদদলিত হয়ে ৫ ছাত্রী ও একজন শিক্ষিকা আহত হন। তিনি

বন্দর বিদ্যালয়টি ১৯৩৭ সালে প্রতিষ্ঠিত। ১৯৭২ সালে বিদ্যালয়ের ২য় তলা মূল ভবন নির্মাণ করা হয়। ২০১৩ সালের ২৭ মে শিক্ষা প্রকৌশল অধিদফতর থেকে ভবনটি বৃক্কিপূর্ণ ও পরিত্যক্ত ঘোষণা করে ব্যবহার না করার নির্দেশ দেয়া হয়। বিদ্যালয়ে বর্তমানে প্রায় দুই হাজার শিক্ষার্থী অধ্যয়ন করছে। জায়গা সংকুলান না হওয়ায় ভবনটি ব্যবহারের অনুপযোগী ঘোষণা করার পরও নিরুপায় হয়ে এ জরাজীর্ণ ভবনে ক্লাস নেয়া হতো। বিদ্যালয় সভাপতি জেলা আওয়ামী লীগ নেতা আরজু রহমান ভূইয়া জানান, বিদ্যালয়ের মূল ভবনটি পরিত্যক্ত ঘোষণার পর বিদ্যালয়ের পক্ষ থেকে সরকারের বিভিন্ন দফতরে আবেদন করা হয়েছে। প্রয়াত এমপি আলহাজ নাসিম ওসমান ভবন নির্মাণের জন্য শিক্ষা মন্ত্রণালয়কে ডিও লেটার দেন। এরপর এমপি সৈয়দ ওসমান এ জরাজীর্ণ ভবন ভেঙে নতুন ভবন নির্মাণের জন্য ডিও লেটার শিক্ষা মন্ত্রণালয়ে দেন।